

## 💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

নাবী (সাঃ) এর সুন্নাত সলাতগুলো কেমন ছিল?

নিজ দেশে (মদ্বীনায়) থাকা অবস্থায় তিনি সর্বদা দশ রাকআত সলাতের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করতেন। এই দশ রাকআতের ব্যাপারে ইবনে উমার (রাঃ) বলেছেন- আমি রসূল (ﷺ) হতে দশ রাকআত সলাত স্মরণ রেখেছি। যোহরের পূর্বে দুই রাকআত, তার পরে দুই রাকআত, মাগরিবের পরে দুই রাকআত, ইশার পরে দুই রাকআত, যা তিনি বাড়িতে পড়তেন এবং ফজরের পূর্বে দুই রাকআত। যোহরের পরের দুই রাকআত সলাত একবার ছুটে গেল তিনি তা আসরের পরে নিষিদ্ধ সময়ে আদায় করেছেন। তিনি কখনও যোহরের পূর্বে চার রাকআত আদায় করতেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3750

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন